Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 21 April, 2025

'নাশকতা বিরোধী' বিশেষ অভিযানে কুড়িগ্রামে গত ২৪ ঘন্টায় আওয়ামী লীগের ৩১ জন নেতা-কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

জেলা পুলিশ ও জেলার বিভিন্ন থানায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।গ্রেপ্তারকৃতরা বিভিন্ন মামলার আসামি।

সোমবার (২১ এপ্রিল) দুপুরের দিকে কুড়িগ্রাম জেলা পুলিশের মিডিয়া অফিসার ওসি ডিবি বজলার রহমান এ তথ্য নিশ্চিত করেন।

পুলিশ  জানায়, কুড়িগ্রাম জেলা পুলিশের 'নাশকতা বিরোধী' বিশেষ অভিযানে (রোববার সকাল ১০টা থেকে সোমবার সকাল ১০টা পর্যন্ত) আওয়ামী লীগের ৩১ জন নেতা-কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে।এদের মধ্যে সদর থানায় সাতজন, রাজারহাট থানায় দুইজন, উলিপুর থানায় তিনজন, নাগেশ্বরী থানায় একজন।

এছাড়াও ফুলবাড়ী থানায় চারজন, ভূরুঙ্গামারী থানায় পাঁচজন, চিলমারী থানায় দুইজন, রাজিবপুর থানায় দুইজন, রৌমারী থানায় একজন, কচাকাটা থানায় দুইজন ও ঢুষমারা থানায় দুইজন।

জেলা পুলিশের মিডিয়া অফিসার ওসি ডিবি বজলার রহমান  বলেন, 'চলমান নাশকতা বিরোধী বিশেষ অভিযান চলছে।জেলায় অস্থিতিশীলতা সৃষ্টিকারী, পরিকল্পনাকারী ও সহযোগী মোট ৩১ জনকে বিভিন্ন মামলায় গ্রেপ্তার করা হয়েছে।অভিযান নিয়মিত চলমান থাকবে।

জেলা পুলিশ ওসি নাশকতা বিরোধী কুড়িগ্রাম

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:35

URL: https://timestodaybd.com/across-the-country/7758071168